DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 14 Nov 2026, 03:11 PM

বাণিজ্য

জ্বালানি তেলের পর বাড়ল নিত্যপণ্যের দাম

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: শুক্রবার, ২৫ সেপ্টেম্বর ২০২৬, ০৭:১১ PM



জ্বালানি তেলের দাম বাড়ায় নতুন করে চাপে পড়েছে মধ্যবিত্তের সংসার খরচ। এর প্রভাবে বেড়েছে মাছ, ডিম ও কিছু সবজির দাম। আজ শুক্রবার রাজধানীর বিভিন্ন বাজার ঘুরে এমন চিত্র দেখা গেছে।

এক সপ্তাহের ব্যবধানে কয়েক ধরনের মাছের দাম বেড়েছে। শিং মাছ কেজিতে ৩০ থেকে ৫০ টাকা বেড়ে বিক্রি হচ্ছে এখন প্রায় ৫০০ টাকায়। এ ছাড়া কই, পাবদা, চিংড়ি, তেলাপিয়া, পাঙাশ ও রুই মাছের দামও কিছুটা বেড়েছে। বিক্রেতারা বলছেন, জ্বালানি তেলের দাম বাড়ায় পরিবহন খরচ বেড়েছে, যার প্রভাব পড়েছে মাছের দামে।

মুরগির বাজারে অবশ্য কিছুটা স্বস্তি রয়েছে। ব্রয়লার ও হাইব্রিড সোনালি মুরগির দাম প্রায় অপরিবর্তিত। সোনালি মুরগি এখন বিক্রি হচ্ছে কেজিতে ৩০০ টাকায়, গত সপ্তাহে যা ছিল ২৯০ থেকে ৩০০ টাকা। গরুর মাংসের দামেও কোনো পরিবর্তন হয়নি, প্রতি কেজি বিক্রি হচ্ছে ৮০০ টাকায়।

ব্রয়লার সাদা ডিমের দাম অপরিবর্তিত রয়েছে, প্রতি ডজন বিক্রি হচ্ছে ১৪০ টাকায়। তবে ব্রাউন ডিমের দাম বেড়েছে□গত সপ্তাহের ১৪৫

থেকে ১৫০ টাকা থেকে বেড়ে এখন তা ১৫০ থেকে ১৫৫ টাকা।

সবজির দামও ঊর্ধ্বমুখী

জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির প্রভাব পড়েছে সবজির বাজারেও। কয়েক ধরনের সবজির দাম কেজিতে ৫ থেকে ২০ টাকা পর্যন্ত বেড়েছে। এর মধ্যে বেগুনের দাম সবচেয়ে বেশি বেড়েছে বলে জানানো হয়েছে□চার দিন আগে ৮০ থেকে ১৪০ টাকায় বিক্রি হওয়া বেগুন এখন বিক্রি হচ্ছে ১০০ থেকে ১৬০ টাকায়। পটোল, কাঁকরোল ও বরবটির দামও বেড়েছে, আগে যা ৮০ টাকা কেজি দরে মিললেও এখন বিক্রি হচ্ছে ১০০ থেকে ১২০ টাকায়। ব্যবসায়ীরা বলছেন, জ্বালানি তেলের দাম বাড়ার পর উৎপাদনস্থল থেকে পাইকারি ও খুচরা বাজার□প্রতিটি ধাপেই পরিবহন খরচ বেড়েছে।

সয়াবিন তেলের সরবরাহ কম

বাজারে এক ও দুই লিটারের বোতলজাত সয়াবিন তেলের সরবরাহ কমেছে। পাঁচ লিটারের বোতলের সরবরাহও কিছুটা কমেছে বলে জানিয়েছেন বিক্রেতারা। চলতি মাসের শুরুতে বোতলজাত সয়াবিন তেলের দাম লিটারে ৫ টাকা বাড়িয়ে ২০৪ টাকা করা হয়েছিল। এর আগে প্রায় দুই মাস সরবরাহ কম ছিল, দাম বাড়ানোর পর কিছুদিন তা স্বাভাবিক থাকলেও এখন আবার কমেছে।

বিক্রেতাদের ভাষ্য, কোম্পানিগুলো বাজারে তুলনামূলক কম তেল সরবরাহ করছে এবং দাম আরও বাড়ানোর কথা ভাবছে।

এ বিভাগের আরও খবর



দুই দফায় বাড়লো স্বর্ণের দাম
টানা ঊর্ধ্বমুখী প্রবণতার ধারাবাহিকতায় দেশের বাজারে আরেক দফা বৃদ্ধি পেয়েছে সোনার দাম। সবচেয়ে ভালো মানের অর্থাৎ ২২ ক্যারেটের প্রতি ভরি সোনার ম...



আসন্ন রমজানে নিত্যপণ্যের সরবরাহ স্বাভাবিক রাখতে কাজ করছে সরকার: বাণিজ্যমন্ত্রী
আসন্ন রমজানে নিত্যপ্রয়োজনীয় পণ্যের সরবরাহ স্বাভাবিক ও দাম যৌক্তিক রাখতে সরকার কাজ করছে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির...



শিমের কেজি ২০০ টাকা, স্বস্তি নেই সবজির বাজারে

রাজধানীর কাঁচাবাজারে সবজির দামে এখনো স্বস্তি ফেরেনি। শুক্রবার রায়ের বাজার ও মোহাম্মদপুর কৃষি বাজার ঘুরে দেখা গেছে, সরবরাহ বাড়লেও শীতের আগা...



টানা দুই দিন কমল সোনার দাম, আজ ভরিতে ২২১৬ টাকা

এক দিনের ব্যবধানে দেশের বাজারে সোনার দাম আবার কমানো হয়েছে। আজ সোনার দাম ভরিতে কমেছে সর্বোচ্চ ২ হাজার ২১৬ টাকা। নতুন দর সকাল ১০টায় কার্যকর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/business/jbalani-teler-pr-badl-nitjpnjer-dam